



যা দেবী সর্বভূতেশু শক্তিরূপেণ সংস্থিতা ।
নমস্তুস্যৈ নমস্তুস্যৈ নমস্তুস্যৈ নমো নমঃ ।



সাধারণ সম্পাদকের বর্ণনা

সুধী ভক্ত,

আমার প্রণাম গ্রহণ করুন। এবার জগজ্জননী মা আসবেন ঘটকে আসবেন আবার দোলায় যাবেন। আপনাদের নৈতিক সমর্থন, আর্থিক আনুকূল্য ও মায়ে অশেষ আশীর্বাদে ১৯ তম অসুর বিনাশিনী, দশ প্রহরিণী আনন্দময়ী মা দুর্গাদেবীর বোধনের আয়োজন করার সৌভাগ্য হয়েছে আমাদের। তিথী মতো-শাস্ত্র অনুযায়ী এই সুদূর প্রবাসে জীবনে মায়ে পূজা করতে পেরে আমরা ধন্য মনে করছি নিজেদেরকে।

এবারের মহামারী করোনা কালীন পূজা দেশে-বিদেশে বিশেষ তাৎপর্য বহন করে। বিশেষ করে প্রবাসে মহামারী করোনায় মানুষ ভিত্তিসাবস্থ। তাই অসুরদায়িনী মার কাছৈ প্রার্থনা -“মাগো তুমি করোনা মুক্ত পৃথিবী গড়ে তুলো” এবং তুমি আমাদের শক্তি দাও আমরা যেন সাহসের সাথে এই মহামারী করোনাকে মোকাবিলা করতে পারি।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের প্রতিটি কর্মি চেষ্টা করছে সকল ভক্তকুলকে একটি সুন্দর পূজা উপহার দেয়ার জন্য। যদি কোনো ভুল-ত্রুটি হয়ে থাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। আর যারা আমাদের এই ক্ষুদ্র আয়োজনকে সার্থক করে তোলার জন্য মানসিক, শারীরিক ও সার্বিকভাবে সহায়তা করেছেন তাঁদের প্রতি রইলো কৃতজ্ঞতা। আমাদের প্রতিটি কর্মি ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি রইলো কৃতজ্ঞতা।

পরিশেষে সকলকে শারদীয় দুর্গা পূজার শুভেচ্ছা ও বিজয়ার প্রণাম। জগজ্জননী মা দুর্গা সবার জীবনে সুখ, আনন্দ, ভালোবাসা, সৌহার্দ্য ও সম্প্রীতি বয়ে আনুক।

শ্রী প্রদীপ সূত্রধর

সাধারণ সম্পাদক

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ নিউইয়র্ক ইনক

